

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

স্মারক নং- ১২৭৭/২০২১ এসসি (এডি)


তারিখঃ ০৭/১০/২০২১ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কম্পিউটার (আইটি) ল্যাব ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত জানানো যাচ্ছে যে, আগামী ১৭/১০/২০২১ খ্রি. ও ১৮/১০/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ২২ জন কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে 'দৈনন্দিন দাপ্তরিক কার্যাবলী সম্পাদনে উদ্ভূত নানাবিধ সমস্যার আশু সমাধানে করণীয় বিষয়ক' ০২ দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হাইকোর্ট বিভাগের কম্পিউটার (আইটি) ল্যাবে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, আপীল বিভাগের উপরোক্ত ০২ দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স আয়োজনের নিমিত্ত আগামী ১৭/১০/২০২১ খ্রি. ও ১৮/১০/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত হাইকোর্ট বিভাগের কম্পিউটার (আইটি) ল্যাব খোলা রাখা ও ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো।


আদেশক্রমে,

  
০৭-১০-২০২১  
(মোহাম্মদ মেহেদী হাসান)  
ডেপুটি রেজিস্ট্রার

বিজ্ঞ রেজিস্ট্রার  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ০২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০৩। সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা
- ০৪। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)।
- ০৫। জনাব এ.বি.এম আমিনুল হক, কোর্ট কীপার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০৬। অফিস কপি।

  
০৭/১০/২০২১  
(জহিরুল আলম ভূঁইয়া)  
সহকারী রেজিস্ট্রার